গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৪.০০.০০০০.০৭১.০৩৩.২৪২.২০১৫-

২৫ শ্রাবণ, ১৪২৩
তারিখ ঃ ------------------
০৯ আগস্ট, ২০১৬

বিষয়ঃ ২৪-৩০ সেপ্টেম্বর ২০১৬ ব্যাপী ঢাকাস্থ মওলানা ভাসানী হকি ষ্টেডিয়ামে অনুর্ধ্ব ১৮ এশিয়া কাপ হকি প্রতিযোগিতা সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠানের নিমিত্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ কাজী আখতার উদ্দিন আহমেদ
সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

সভার তারিখ ও সময়ঃ ০৩-০৮-২০১৬ খ্রিঃ ২.৩০ মিনিটে

সভার স্থানঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভার উপস্থিত সদস্যবৃন্দ- (পরিশিষ্ট-ক)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভায় তথ্য উপস্থাপনের জন্য তিনি যুগ্মসচিব (ক্রীড়া) কে আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (ক্রীড়া) জানান যে, ২৪-৩০ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত ঢাকাস্থ মওলানা ভাসানী হকি ষ্টেডিয়ামে অনুর্ধ্ব ১৮ এশিয়া কাপ হকি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ টুর্ণামেন্টে ভারত, পাকিস্তান, চাইনিজ তাইপে, হংকং, ওমান, চীন ও স্বাগতিক বাংলাদেশ অংশগ্রহণ করবে। এ টুর্ণামেন্ট সুষ্ঠু-সুন্দর ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে এ আন্তঃমন্ত্রণালয় সভা আহ্বান করা হয়েছে। টুর্ণামেন্টটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে বাংলাদেশ হকি ফেডারেশনের কর্মকর্তাবৃন্দ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং জাতীয় ক্রীড়া পরিষদের কর্মকর্তাবৃন্দ সভায় তাদের মতামত ও পরামর্শ উপস্থাপন করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সর্বসম্মতিভাবে গৃহীত হয়।

| ক্র. নং | | মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠান/সংস্থাভিত্তিক সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক. | **স্বরাষ্ট্র মন্ত্রণালয়** | | |
| | ১) | দেশী-বিদেশী খেলোয়াড়, কর্মকর্তা ঢাকায় অবস্থানকালীন এবং ফেরত যাওয়ার (হোটেল, পরিবহন, বিমান বন্দর, খেলার মাঠ, ভ্রমণ, অনুশীলন কেন্দ্র) সময়ে সার্বিক নিরাপত্তা এবং খেলার মাঠে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করা। | ১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>২। বাংলাদেশ হকি ফেডারেশন |
| | ২) | দল সমুহ হোটেলে অবস্থানকালে সার্বক্ষনিক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা। সম্ভব হলে সর্বোচ্চ ০২টি হোটেলে খেলোয়াড় ও অফিসিয়ালদের অবস্থানের ব্যবস্থা করা। | |
| | ৩) | আইন শৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনীয় সকল প্রকার কার্যক্রম গ্রহণ করা। | |
| | ৪) | দুর্যোগপুর্ণ আবহাওয়ার কারণে খেলার মাঠে পানি জমে গেলে তা নিষ্কাষনের জন্য ফায়ার ব্রিগেডের গাড়ীর ব্যবস্থা নিশ্চিত করা। | |
| | ৫) | হোটেল হতে স্বল্প সময়ে খেলার মাঠে যাওয়ার জন্য ট্রাফিক ব্যবস্থাপনা নিশ্চিত করা। | |

| | | | |
|---|---|---|---|
| | ৬) | ২২ সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত মওলানা ভাসানী হকি ষ্টেডিয়ামের প্রবেশমুখে দুই পার্শ্বের ১০০ গজ পরিসরে যানবাহন, ফুটপাতের দোকান ও বাসষ্ট্যান্ড অপসারণের ব্যবস্থা নিশ্চিত করা এবং সকাল ৯টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত খেলা সংশ্লিষ্ট বাস ও ফেডারেশনের কর্মকর্তাদের গাড়ী ছাড়া অন্য কোন গাড়ী প্রবেশ নিষেধের বিষয়টি নিশ্চিত করা। | ১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>২। বাংলাদেশ হকি ফেডারেশন |
| | ৭) | খেলা চলাকালীন মাঠে পর্যাপ্ত আইন-শৃঙ্খলা রক্ষার নিমিত্ত যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করা। | |
| | ৮) | হযরত শাহজালাল (রা:) আন্তর্জাতিক বিমানবন্দরে বিদেশী খেলোয়াড়, কর্মকর্তা, বিদেশী ম্যাচ অফিসিয়ালদের বাংলাদেশ হকি ফেডারেশনের প্রত্যয়ন সাপেক্ষে বিধিমোতাবেক অন এরাইভাল ভিসা প্রাপ্তির ব্যবস্থা নিশ্চিত করা। বাংলাদেশ হকি ফেডারেশন কর্তৃক বিদেশী টীমের খেলোয়াড়/কর্মকর্তাদের একটি তালিকা জরুরী ভিত্তিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা। চাইনিজ তাইপে হকি দলকে অন এরাইভাল ভিসা ইস্যুর ব্যবস্থা করা। | |
| | ৯) | একটি সুষ্ঠু আইন শৃংখলা প্লান প্রনয়নের জন্য ডিএমপি'র সাথে বাংলাদেশ হকি ফেডারেশনের পৃথক সভা করা। স্টেডিয়ামের প্রবেশপথ সমূহে প্রয়োজনীয় সংখ্যক আর্চওয়ে এবং মেটাল ডিটেক্টর সরবরাহ করার জন্য বাংলাদেশ হকি ফেডারেশন কর্তৃক এসবিকে আনুরোধ জানাবেন। | |
| খ | | **পররাষ্ট্র মন্ত্রণালয়** | |
| | ১) | বিদেশী খেলোয়াড়, কর্মকর্তা, বিদেশী ম্যাচ অফিসিয়ালদের ভিসা প্রদানের জন্য বাংলাদেশ হকি ফেডারেশন লিখিত অনুরোধের প্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা। বাংলাদেশ হকি ফেডারেশন কর্তৃক বিদেশী খেলোয়াড়দের প্রয়োজনীয় তথ্যাদিসহ তালিকা পররাষ্ট্র মন্ত্রণালয় প্রেরণ করা। | ১। পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২। বাংলাদেশ হকি ফেডারেশন |
| গ | | **স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়:** | |
| | ১) | খেলার মাঠে পানি সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ঢাকা ওয়াসা/সিটি করপোরেশন কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। | ১। স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,<br>২। ঢাকা দক্ষিন সিটি করপোরেশন<br>৩। বাংলাদেশ হকি ফেডারেশন |
| | ২) | ষ্টেডিয়ামের চারদিকে ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করা। | |
| ঘ | | **তথ্য মন্ত্রণালয়** | |
| | ১) | খেলা চলাকালীন খেলার বিষয়ে নিয়মিত দৈনিক ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় সম্প্রচার করার সহযোগিতা নিশ্চিত করা। | ১। তথ্য মন্ত্রণালয়<br>২। বাংলাদেশ হকি ফেডারেশন |
| | ২) | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের মাধ্যমে টুর্ণামেন্টের ব্যাপক সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করা/প্রয়োজনে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করা। | |
| | ৩) | দেশের জাতীয় দৈনিক/সাপ্তাহিক পত্রিকার মাধ্যমে খেলার বিভিন্ন ধরণের সংবাদ/চিত্র বিনামূল্যে প্রচারের ব্যবস্থা নিশ্চিত করা। | |
| ঙ | | **ব্যাংকিং ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়** | |
| | ১) | বিভিন্ন ব্যাংক এর স্পন্সরশীপের মাধ্যমে প্রতিযোগিতার খরচ যোগানের বিষয়ে বিধি মোতাবেক সহযোগিতা প্রদান করা। | ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাংলাদেশ হকি ফেডারেশন |
| চ | | **বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়:** | |
| | ১) | খেলা শুরুর ৩দিন পূর্ব থেকে এবং ২৪ সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত মওলানা ভাসানী ষ্টেডিয়ামে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা। | ১। বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়<br>২। বাংলাদেশ হকি ফেডারেশন |

| | | | |
|---|---|---|---|
| | ২) | ঢাকাস্থ মওলানা ভাসানী হকি ষ্টেডিয়ামের মাঠ/ষ্টেডিয়ামে খেলা চলাকালীন সময়ে সার্বক্ষনিক ভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা। | ১। বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় <br> ২। বাংলাদেশ হকি ফেডারেশন |
| | ৩) | প্রয়োজনে বাংলাদেশ হকি ফেডারেশনের চাহিদা অনুযায়ী ব্যয় বহণ সাপেক্ষে খেলার মাঠে জেনারেটর সরবরাহ করা। এক্ষেত্রে ডিপিডিসি কর্তৃক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা। | |
| | ৪) | বিদ্যুৎ সেবা প্রদানের সুবিধার্থে বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের স্টেডিয়ামে প্রবেশের অনুমতি দেয়া। | |
| জ) | | **বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় :** | |
| | ১) | দেশী বিদেশী খেলোয়াড়, কর্মকর্তা, আমন্ত্রিত অতিথিবৃন্দের জন্য বিমান বন্দরে অভ্যর্থনার ব্যবস্থা গ্রহণ করা। | ১। বেসরকারী বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/সিভিল এভিয়েশন অথরিটি <br> ২। বাংলাদেশ হকি ফেডারেশন |
| | ২) | হযরত শাহজালাল (রা) আন্তর্জাতিক বিমান বন্দরে বাংলাদেশ হকি ফেডারেশনের কর্মকর্তাদের জন্য (বিধি মোতাবেক ভেটিং সাপেক্ষে) প্রয়োজনীয় সংখ্যক প্রটোকল পাস ও বোর্ডিং পাস ইস্যু করা। | |
| | ৩) | হযরত শাহজালাল (রা:) আন্তর্জাতিক বিমান বন্দরে নিরাপত্তা নিশ্চিত করা। | |
| ঝ) | | **স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং সশস্ত্র বাহিনী বিভাগ** | |
| | ১) | প্রতিযোগিতা চলাকালীন ২২/০৯/২০১৬ইং তারিখ থেকে ৩০/০৯/২০১৬ তারিখ পর্যন্ত সকাল ১০.০০ টা হতে ৬.০০ টা পর্যন্ত একটি এ্যাম্বুলেন্স এবং ডাক্তার সহ ৪জন নার্স উপস্থিত থাকার ব্যবস্থা করা। | ১। স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রণালয় স্বাস্থ্য অধিদপ্তর <br> ২। সশস্ত্র বাহিনী বিভাগ <br> ৩। বাংলাদেশ হকি ফেডারেশন |
| | ২) | জরুরী চিকিৎসাকল্পে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ২২ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত ১টি কেবিন সংরক্ষিত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করা। | |
| | ৩) | খেলা চলাকালীন সময়ে স্টেডিয়ামে সার্বক্ষণিত এ্যাম্বুলেন্স এর ব্যবস্থা নিশ্চিত করা। | |
| | ৪) | মাঠ/স্টেডিয়াম এ অস্থায়ী মেডিকেল সেন্টার স্থাপনসহ প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার নিয়োগের ব্যবস্থা নিশ্চিত করা এবং খেলা চলাকালীন আঘাতজনিত প্রয়োজনে জরুরী ঔষধ (বাংলাদেশ হকি ফেডারেশন কর্তৃক সরবরাহকৃত তালিকানুসারে) সমুহ সরবরাহ করা। | |
| | ৫) | খেলোয়াড়/কর্মকর্তাগণের আবাসিক হোটেলে একটি সার্বক্ষনিক মেডিকেল টীম রাখার ব্যবস্থা করা। | |
| | ৬) | খেলোয়াড়/কর্মকর্তাদের জরুরী চিকিৎসার জন্য প্রয়োজনে সম্মিলিত সামরিক হাসপাতালে নেয়া। | |
| ঞ | | **জাতীয় ক্রীড়া পরিষদ ও বাংলাদেশ হকি ফেডারেশন** | |
| | | জাতীয় ক্রীড়া পরিষদ ও বাংলাদেশ হকি ফেডারেশন নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদক নিশ্চিত করবে। | ১। জাতীয় ক্রীড়া পরিষদ <br> ২। বাংলাদেশ হকি ফেডারেশন |
| | ১) | মওলানা ভাসানী স্টেডিয়ামের ড্রেসিং রুম, বাথরুম, মাঠ, স্কোর বোর্ড, টেকনিক্যাল টেবিল ইত্যাদির প্রয়োজনীয় সংস্কার/মেরামত করা। জরুরী প্রয়োজনে একটি ভাড়া ভিত্তিক স্কোর বোর্ডের ব্যবস্থা করা। | |
| | ২) | মাঠ/স্টেডিয়ামের সুযোগ-সুবিধা বৃদ্ধি এবং মাঠের আপ গ্রেডেশনের সার্বিক ব্যবস্থা গ্রহণ করা। | |
| | ৩) | প্রয়োজনে মাঠ/স্টেডিয়ামের ভিতর ও বাইরে রং করার ব্যবস্থা গ্রহণ করা। | |
| | ৪) | বাংলাদেশ হকি ফেডারেশন কর্তৃক মওলানা ভাসানী হকি স্টেডিয়াম ব্যবহারের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা। | |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
(০৯-০৮-২০১৬)
কাজী আখতার উদ্দিন আহমেদ
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৪.০০.০০০০.০৭১.০৩৩.২৪২.২০১৫- ৪৮১ তারিখ ঃ ০৯ আগস্ট, ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, বানিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা ।
০৪। সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৫। মহাপুলিশ পরিদর্শক, মহাপুলিশ পরিদর্শকের কার্যালয়, পুলিশ ভবন, ঢাকা।
০৬। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা ।
০৭। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৮। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৯। সচিব, অভ্যন্তরীন সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা ।
১০। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ,জালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১১। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১২। এয়ার অধিনায়ক, বিমান বাহিনী, ঘাঁটি বাশার।
১৩। ডিএমপি কমিশনার, ঢাকা।
১৪। চেয়ারম্যান, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
১৫। চেয়ারম্যান, বিটিআরসি, রমনা, ঢাকা।
১৬। যুগ্ম-সচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৭। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
১৮। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
১৯। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
২০। উপ-সচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২১। পরিচালক (ক্রীড়া), জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
২২। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, আব্দুল গনি রোড, ঢাকা।
২৩। সাধারণ সম্পাদক, বাংলাদেশ হকি ফেডারেশন, ঢাকা।

(সিরাজুছ ছালেকীন)
সহকারী সচিব
ফোন নং-৯৫৭৫৫১০

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০২। উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৩। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। মাননীয় প্রতিমন্ত্রীর জনসংযোগ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা ।
০৫। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা